



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.০২.০০১.১৮.৩৩২

তারিখঃ ২২-০৭-২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা মেয়াদী কোর্সের পরীক্ষা সংক্রান্ত সকল কাজ যেমন-উত্তরপত্র পরীক্ষণ, নিরীক্ষণ এবং প্রধান পরীক্ষকের কার্য সুষ্ঠুভাবে ও সঠিক সময়ে সম্পাদনের লক্ষ্যে নিম্ন উল্লিখিত তথ্যাদি ২২-০৭-২০১৮ খ্রিঃ তারিখ হতে ২৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অন-লাইনে ফরম পূরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখ্য ইতোপূর্বে যারা ফরম পূরণ (অনলাইনে এন্ট্রি) করেছেন তাদেরকেও ফরম পূরণ (অনলাইনে এন্ট্রি) করতে হবে।

০১। উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হওয়ার যোগ্যতাঃ

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

নূন্যতম সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর হতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

সংশ্লিষ্ট ট্রেডে/টেকনোলজিতে ১ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সমমান পাশ হতে হবে অথবা স্নাতক/সমমান পাশসহ সংশ্লিষ্ট ট্রেডে ০৬ মাস মেয়াদি বেসিক ট্রেড কোর্স (৩৬০ ঘন্টা মেয়াদি) নূন্যতম A গ্রেডে উত্তীর্ণ হতে হবে।

০২। প্রধান পরীক্ষক হওয়ার যোগ্যতাঃ

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

সংশ্লিষ্ট ট্রেডে চীফ ইন্সট্রাক্টর (সহকারী অধ্যাপক সমমান) পদে কর্মরত অথবা ইন্সট্রাক্টর পদে (১ম শ্রেণি পদমর্যাদা) নূন্যতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষক/নিরীক্ষক হিসেবে ৫ (পাঁচ) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সমমান পাশসহ নূন্যতম সংশ্লিষ্ট টেকনোলজি/ট্রেডে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং নূন্যতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা স্নাতক/সমমান পাশসহ (০৬ মাস মেয়াদি সংশ্লিষ্ট ট্রেডের বেসিক ট্রেড কোর্সে A গ্রেডে উত্তীর্ণ হতে হবে) নূন্যতম সংশ্লিষ্ট টেকনোলজি/ট্রেডে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং নূন্যতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। পরীক্ষক/নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে যে সকল তথ্যাদি প্রয়োজনঃ

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

সোনালী ব্যাংক এর অনলাইন হিসাব নম্বর, মোবাইল নম্বর ও যোগদানের তারিখ ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডের জমা দিতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

নিয়োগপত্র, যোগদানপত্র, ন্যাশনাল আইডি কার্ড (NID), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, সোনালী ব্যাংকের অনলাইন হিসাব নম্বর, মোবাইল নম্বর এবং প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি (উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষকের কাজের সময়) জমা দিতে হবে।

ছকঃ

ক্রমিক নং	শিক্ষকের নাম	পদবী	শিক্ষাগত যোগ্যতা	সোনালী ব্যাংকের অন- লাইন একাউন্ট নম্বর (সকল ডিজিট)	মোবাইল নম্বর	ভোটার আইডি নম্বর	পরীক্ষা সংক্রান্ত যে কর্মকাণ্ডে আগ্রহী (পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক)

স্বাক্ষরিত

(ড. সুশীল কুমার পালা)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড


ঢাকা-১২০৭

ফোনঃ ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.০২.০০১.১৮.৩৩২ (৬)

তারিখঃ ২২-০৭-২০১৮ খ্রিঃ

- ১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।



(মোঃ সুলতান হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০১৭১৫১০৮৫৪৯